Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## দৈনিক বর্তমান



জুলাই গণঅভ্যুত্থানে শিক্ষার্থীদের উপর হামলাকারী সন্ত্রাসীদের বিচার নিশ্চিতকরণ ১৩টি দাবি জানিয়ে ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খানকে স্মারকলিপি দেন সাদা দলের নেতারা -বর্তমান

## প্রতিদিনের সংবাদ



# জাককানইবি উপাচার্যের সঙ্গে ঢাবি উপাচার্যের সাক্ষাৎ

● জাককানইবি প্রতিনিধি

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলমের আমন্ত্রণে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমদ খান। গতকাল বুধবার উপাচার্যের অফিসে আসলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে উষ্ণ অভিনন্দন জানান উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম।

সৌজন্য সাক্ষাৎ শেষে কনফারেন্স কক্ষে সংক্ষিপ্ত এক আলোচনা সভায় বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমদ খান। তিনি তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, 'দেশের শিক্ষাব্যবস্থার উন্নয়নের জন্য রিসার্চ কোলাবোরেশন (গবেষণা সহযোগিতা) বাড়াতে হবে। একইসঙ্গে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ভ্রাতৃত্ববোধ বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন তিনি। শিক্ষা ও গবেষণায় পারস্পরিক বিনিময়ের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে ভ্রতৃত্ববোধ গড়ে তোলার আহ্বান জানান ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমদ খান।'

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক, অবকাঠামোগত ও প্যারিপার্শ্বিক পরিবেশ সম্পর্কে অবহিত হয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন। এ ছাড়া জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আমন্ত্রণ জানানোর জন্য উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলমকে তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। এদিকে আমন্ত্রণে সাড়া দিয়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় পরিদর্শন করায় নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে পুনরায় পরিদর্শনের আমন্ত্রণ জানান।

এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. জয়নুল আবেদীন সিদ্দিকী, কলা অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ ইমদাদুল হুদা, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন প্রফের ড. এ. এইচ. এম কামাল, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. বখতিয়ার উদ্দিন, চারুকলা অনুষদের ডিন প্রফেসর ড. তপন কুমার সরকার, আইন অনুষদের ডিন মুহাম্মদ ইরফান আজিজ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো. হাবিব-উল-মাওলা (মাওলা প্রিন্স), প্রক্টর ড. মো. মাহবুবুর রহমান, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. আশরাফুল আলম, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানরা উপস্থিত ছিলেন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২১ ফাল্গুন ১৪৩১

DU in Media

06 March 2025


## দৈনিক আমাদের বার্তা

# জাপান সফর শেষে দেশে ঢাবি প্রো-ভিসি অধ্যাপক ড. মামুন

■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ ৭ দিনের জাপান সফর শেষে গত মঙ্গলবার দেশে ফিরেছেন। জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে তিনি এই সফর করেন। সফরকালে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ জয়েন্ট ভার্চুয়াল ক্যাম্পাস (জেভি ক্যাম্পাস) এবং গ্লোবাল নেটওয়ার্ক প্রোগ্রাম (জিএনপি) সম্পর্কিত দুইটি সিম্পোজিয়ামে আমন্ত্রিত অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। জয়েন্ট ভার্চুয়াল ক্যাম্পাস (জেভি) সম্পর্কিত সিম্পোজিয়ামটি জাপানের কোবে বিশ্ববিদ্যালয় আয়োজন করে। এর সহযোগী আয়োজক ছিলো জাপানের শিক্ষা মন্ত্রণালয়। এই প্রকল্পের মাধ্যমে বিশ্বব্যাপী প্রতিভা লালন, পাঠ্যক্রম উন্নত করা এবং আসিয়ানভুক্ত দেশগুলোর বিশ্ববিদ্যালয়ের মধ্যে পারস্পরিক শিক্ষা ও গবেষণা সংক্রান্ত অভিজ্ঞতা বিনিময় করা হয়। এই প্রকল্পের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভার্চুয়ালি ক্লাস করার সুযোগ দেয়ার বিষয়েও সিম্পোজিয়ামে আলোচনা করা হয়। এ বিষয়ে কোবে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে শিগগিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও মতবিনিময় করা হয়। উল্লেখ্য, যুক্তরাষ্ট্র, চীন, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া এবং থাইল্যান্ডসহ বিভিন্ন দেশের খ্যাতিমান বিশ্ববিদ্যালয়গুলো ইতোমধ্যেই এই প্রকল্পের অধীনে যৌথভাবে কাজ করার অঙ্গীকার করেছে।

## দৈনিক বর্তমান



# জাপান সফর শেষে দেশে ফিরেছেন ঢাবি প্রো-ভাইস চ্যান্সেলর

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ ৭ দিনের জাপান সফর শেষে মঙ্গলবার দেশে ফিরেছেন। জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে তিনি এই সফর করেন।

সফরকালে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ জয়েন্ট ভার্চুয়াল ক্যাম্পাস (জেভি ক্যাম্পাস) এবং গ্লোবাল নেটওয়ার্ক প্রোগ্রাম (জিএনপি) সম্পর্কিত দুইটি সিম্পোজিয়ামে আমন্ত্রিত অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

জয়েন্ট ভার্চুয়াল ক্যাম্পাস (জেভি) সম্পর্কিত সিম্পোজিয়ামটি জাপানের কোবে বিশ্ববিদ্যালয় আয়োজন করে। এর সহযোগী আয়োজক ছিল জাপানের শিক্ষা মন্ত্রণালয়। এই প্রকল্পের মাধ্যমে বিশ্বব্যাপী প্রতিভা লালন, পাঠ্যক্রম উন্নত করা এবং আসিয়ানভুক্ত দেশসমূহের বিশ্ববিদ্যালয়ের মধ্যে পারস্পরিক শিক্ষা ও গবেষণা সংক্রান্ত অভিজ্ঞতা বিনিময় করা হয়। এই প্রকল্পের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভার্চুয়ালি ক্লাস করার সুযোগ প্রদানের বিষয়েও সিম্পোজিয়ামে আলোচনা করা হয়। এবিষয়ে কোবে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে শীঘ্রই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও মতবিনিময় করা হয়। উল্লেখ্য, যুক্তরাষ্ট্র, চীন, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া এবং থাইল্যান্ডসহ বিভিন্ন দেশের খ্যাতিমান বিশ্ববিদ্যালয়সমূহ ইতোমধ্যেই এই প্রকল্পের অধীনে যৌথভাবে কাজ করার অঙ্গীকার করেছে।

এছাড়া জাপানের শিক্ষা মন্ত্রাণালয়ের উদ্যোগে গ্লোবাল নেটওয়ার্ক প্রোগ্রাম শীর্ষক পৃথক সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়। সিম্পোজিয়ামে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা, শিক্ষাবিদ এবং বিভিন্ন দেশের সরকারের মধ্যে যৌথ সহযোগিতা আরও বৃদ্ধি করার ওপর গুরুত্বারোপ করা হয়।

সফরকালে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ কোবে বিশ্ববিদ্যালয়ের নির্বাহী ভাইস প্রেসিডেন্ট তামাকি হিশাশির সঙ্গে এক সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কোবে বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ পিএইচডি প্রোগ্রাম চালুসহ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

# The Country Today

করেছে।



## DU Pro-VC Education returns home after Japan visit

DU Correspondent

Dhaka University Pro-Vice Chancellor (Education) Prof Dr. Mamun Ahmed returned home on Tuesday after a 7-day visit to Japan. He made this visit at the invitation of Kobe University, Japan.

During the visit, Pro-Vice Chancellor (Edn) Prof Dr. Mamun Ahmed participated as an invited guest in two symposiums related to Joint Virtual Campus (JV Campus) and Global Network Program (GNP).

The symposium related to Joint Virtual Campus (JV) was organized by Kobe University, Japan. Its co-organizer was the Ministry of Education of Japan. Through this project, global talent is nurtured, curriculum development is improved, and mutual education and research experiences are exchanged between universities of ASEAN countries.

Continued to page 2

The symposium also discussed the opportunity to take classes virtually for Dhaka University students under this project. Views were also exchanged on signing a Memorandum of Understanding (MoU) with Kobe University in this regard soon.

It is to be noted that renowned universities from various countries including the United States, China, Indonesia, Cambodia and Thailand have already pledged to work jointly under this project.